

বাংলাদেশ সুপ্রীম কোর্ট,
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(সাধারণ ও সংস্থাপন শাখা)

(www.supremecourt.gov.bd)

১৮-৬

অফিস আদেশ নং- /২০২৩

(এ এন্ড সি)

তারিখঃ ২৬/০৬/২০২৩ খ্রি.

নিম্নলিখিত প্রার্থীকে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে “নিরাপত্তা প্রহরী (দারোয়ান)” এর শূন্য পদে প্রচলিত ভাতাদিসহ জাতীয় বেতন ক্ষেত্র, ২০১৫ এর ৮,২৫০-২০,০১০/- টাকার ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে কাজে যোগদানের তারিখ হতে ০২ (দুই) বৎসরের জন্য অস্থায়ী ভিত্তিতে শিক্ষানবিশ হিসেবে নিয়োগ প্রদান করা হলো।

ক্রম নং	নাম ও পিতা/স্বামীর নাম	রোল নং	পদের নাম
১.	মোঃ শাকিল হোসেন পিতা- মোঃ জাহাঙ্গীর আলম	১২০০৮৮৯	নিরাপত্তা প্রহরী (দারোয়ান)

নিয়োগপ্রাপ্ত প্রার্থীগুলিকে আগামী ১০/০৭/২০২৩ খ্রি. তারিখের মধ্যে অফিস সময়ে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের সাধারণ ও সংস্থাপন শাখায় কাজে যোগদান করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

শর্তাবলীঃ-

- কোন প্রার্থী নির্দিষ্ট তারিখের মধ্যে কাজে যোগদান না করলে তার নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- চাকরিতে যোগদানের সময় বয়স, শিক্ষাগত যোগ্যতা, নাগরিকত্ব ও নিয়োগ বিজ্ঞাপনে উল্লিখিত অন্যান্য যোগ্যতার প্রমাণ স্বরূপ সকল প্রয়োজনীয় মূল/প্রতিশিলাল সার্টিফিকেট এবং বিভিন্ন কোটায় নিয়োগপ্রাপ্তদেরকে কোটার প্রমাণক যথাযথ কাগজাদি দাখিল করতে হবে।
- তিনি যদি বাংলাদেশের নাগরিক ব্যতিত অন্য কাউকে বিবাহ করেন অথবা কারো সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার প্রতিক্রিয়া হন তবে তিনি নিয়োগের অযোগ্য মর্মে বিবেচিত হবেন।
- নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে নিয়োগের তারিখ হতে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে থাকতে হবে এবং উক্ত অবস্থায় যে কোন মুহূর্তে কোনৱে পূর্ব নোটিশ অথবা কারণ দর্শানো ব্যতিরেকেই কর্তৃপক্ষ যে কোনো প্রার্থীকে চাকুরিচ্যুত করতে পারবে।
- তার শিক্ষানবিশকালীন আচরণ ও কাজ যদি অসন্তোষজনক হয় অথবা তিনি দক্ষতা অর্জন করতে পারবেন না বলে বিবেচিত হন তবে শিক্ষানবিশকাল শেষ হওয়ার পূর্বেই তাকে চাকুরী হতে বাদ দেয়া হবে।
- বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ (কর্মচারী) নিয়োগ বিধি, ১৯৮৭ এর বিধি ৬(৩)(ক) অনুযায়ী শিক্ষানবিশকালীন সময়ের কর্ম সন্তোষজনক হলে তাকে চাকরিতে স্থায়ী করার বিষয় যথাসময়ে বিবেচনা করা হবে।
- চাকরিতে যোগদানের সময় ১৯৬৬ সালের অস্থায়ী চাকুরী বিধি অনুযায়ী একটি প্রতিক্রিয়া (আভার টেকিং) ফরম পূরণ করতে হবে।
- শিক্ষানবিশ হিসেবে নিয়োগপ্রাপ্ত কোন প্রার্থী বর্তমানে কোথাও চাকুরিতে থাকলে যোগদানের পূর্বে বর্তমান নিয়োগকর্তার নিকট হতে অবমুক্তকরণ পত্র (Release Order) দাখিল করতে হবে। এ সংক্রান্ত কোন তথ্য গোপন করা হলে শৃঙ্খলা (Discipline) ভঙ্গের দায়ে অভিযুক্ত হবেন।
- প্রযোজ্য ক্ষেত্রে আপনার পিতা/মাতা বা পিতামহ/মাতামহের মুক্তিযোদ্ধার সনদপত্রের সপক্ষে যাবতীয় দালিলিক প্রমাণাদি দাখিল করতে হবে।
- তাকে নিজ খরচে নির্ধারিত সিভিল সার্জন/মেডিকেল বোর্ড এর নিকট হতে তার পদের জন্য যোগ্য মর্মে শারীরিক ও মানসিক যোগ্যতার সনদ এবং মাদক পরীক্ষার (ডোপ টেষ্ট) এর সনদ সংগ্রহ পূর্বক দাখিল করতে হবে।
- মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনি হলে আপনি মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনি এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/জেলা পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনের চেয়ারম্যান/মেয়ার কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
- প্রযোজ্য ক্ষেত্রে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল বা সংশ্লিষ্ট অন্য কোন কর্তৃপক্ষ কর্তৃক মুক্তিযোদ্ধা সনদ/গেজেট ফাচাই-বাছাইয়ান্তে আপনার সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার মুক্তিযুদ্ধে অংশগ্রহণের বিষয়টি সঠিক প্রমাণিত না হলে আপনার নিয়োগ বাতিল হবে এবং নিয়োগ পরবর্তী প্রাণ্য সকল সুযোগ সুবিধা প্রত্যরোধ করতে হবে।
- কাজে যোগদানের পর যথানিয়মে প্রত্যেক প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন গ্রহণ করা হবে; যা অবশ্যই সন্তোষজনক হতে হবে।

১৪. কর্মে যোগদানের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

আদেশক্রমে,
স্বাক্ষর
তা- ২৬।০৬।২০২৩
ডেপুটি রেজিস্ট্রার
(সার্বিক ও আদি অধিক্ষেত্র)
ফোনঃ ০২-২২৩৩৮৬৮২৬।

স্মারক নং- ২৬৮৮(৮)

জি.এস,

তারিখঃ- ২৬ ০৬ ২৩

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। চীফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, রুম নং-৫২৮, ৫ম তলা, সি.জি.এ, ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। ডি.ডি.ও, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ সহ)।
- ৫। সুপারিনিটেন্ডেন্ট, সাধারণ ও সংস্থাপন শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৬। মোঃ শাকিল হোসেন, পিতা-মোঃ জাহাঙ্গীর আলম,, প্রয়ত্নে মোঃ জাহাঙ্গীর আলম, গ্রাম/রাস্তা: যুক্তিপাড়া, ডাকখরঃ জালালপুর, পোষ্ট কোড নং -৫২০০২, উপজেলা-দিনাজপুর সদর, জেলা-দিনাজপুর।
- ৭। অফিস কপি/গার্ড ফাইল।

২৬।০৬।২৩

(মেফতাহল জামাত)
সহকারী রেজিস্ট্রার (সাধারণ ও সংস্থাপন)
ফোনঃ ৯৫৮৮৮২৮